চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)
চট্টগ্রামের সাবেক ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ ঘোষ এর মৃত্যুতে সিটি মেয়রের শোক প্রকাশ

চট্টগ্রাম- ০২ জুলাই ২০১৮

চট্টগ্রামের সাবেক ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ ঘোষ এর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন গভীর শোক প্রকাশ করেছেন। আজ সোমবার এক শোক বার্তায় সিটি মেয়র বলেন চট্টগ্রামে কর্মরত থাকা অবস্থায় তিনি চট্টগ্রামবাসীর ভিসা সংক্রান্ত নানা কাজে সহযোগিতা করেছিলেন। তার আন্তরিক সহযোগিতায় চিকিৎসা সহ বিভিন্ন ভিসা প্রাপ্তিতে চট্টগ্রামবাসী উপকৃত হয়েছিলেন। তার হৃদ্যতাপূর্ণ আচরণ চট্টগ্রামবাসী চিরদিন স্মরণ রাখবে বলে তিনি উল্লেখ করেন। তিনি তার আত্মার সদগতি কামনা করেন এবং পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান।

আগামী জাতীয় নির্বাচনে আওয়ামীলীগকে বিজয়ী করতে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে-সিটি মেয়র

চট্টগ্রাম- ০২ জুলাই ২০১৮

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, সরকারের উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত থাকলে দারিদ্রর হার আগামী ৫ বছরে শুন্যের কোটায় নেমে আসবে। এ লক্ষ্যে তিনি আগামী ডিসেম্বরে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনে আওয়ামীলীগকে বিজয়ী করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। আজ বিকালে মুসলিম ইন্সটিটিউট হলে বাংলাদেশ আওয়ামী বাস্তুহারা লীগ চট্টগ্রাম জেলা আয়োজিত নতুন কমিটির পরিচিতি ও ঈদ পূনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

আওয়ামী বাস্তুহারা লীগ সভাপতি আবদুল নবী লেদু'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাশে আওয়ামী বাস্তুহারালীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি ইঞ্জি.লুৎফর রহমান ফটিকছড়ি সাবেক উপজেলা চেয়ারম্যান এ টি এম পেয়ারুল ইসলাম, আওয়ামী বাস্তুহারা লীগ কেন্দ্রীয় কমিটি সভাপতি ইসমাইল হোসেন প্রধান, বীরমুক্তিযোদ্ধা মো. ইসহাক, এস এম বাবুল আকতার, শারমিন ওবায়েদ লিপি, মো. হারুন রশিদ মাষ্টার, মো. ফারুক, বেলাল আহমেদ, মোরশেদুল আলম সহ প্রমুখ বক্তব্য রাখেন। সভা পরিচালনা করেন ডা. সৈয়দ মো. মোজাম্মেল হক। অনুষ্ঠান উদ্বোধন করেন দক্ষিণ জেলা আওয়ামীলীগের সভাপতি মোসলেম উদ্দিন আহমেদ।প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, দারিদ্র্যর হার কমাতে বর্তমান সরকার নানামুখী উদ্যোগ

বাস্তবায়ন করে চলেছে। একটি বাড়ী একটি খামার ও গুচ্ছ গ্রাম প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশে প্রতিটি মানুষের আবাসনের নিশ্চয়তায় কাজ করে যাচ্ছে। গরীব মেধাবী কোটা চালুর মাধ্যমে নিম্মবিত্তের মেধাবী সন্তানের উচ্চ শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। বর্তমানে দেশে দারিদ্র্য হার মাত্র ২২ শতাংশ।সরকারের উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত থাকলে দারিদ্র্য হার আগামী ৫ বছরে শূণ্যের কোটায় নেমে আসবে। এজন্য আওয়ামী লীগকে আগামী নির্বাচনে বিজয়ী করতে হবে। তিনি বলেন, আওয়ামী বাস্তহারালীগ ছিন্নমূল গরীব মানুষের জীবনমান উন্নয়ন ও কল্যানে কাজ করছে। এই লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে স্বার্থান্বেষী মহলের যেকোন অপচেষ্টা শক্ত হাতে প্রতিরোধ করার জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম- ০২ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে খুলশী থানাধীন গরীব উল্লাহ শাহ মাজারের সামনের সড়ক ও কুসুমবাগ আবাসিক এলাকায় সড়কের উভয় পাশের ফুটপাত ও নালা দখল করে অবৈধভাবে গড়ে উঠা প্রায় ৫০ টি অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। এ সময় রাস্তার উপর অবৈধভাবে দোকানের স্থাপনা বর্ধিত করার দায়ে প্রিয়া স্টোর এর আবদুর রহিমকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

নগরীর নিম্ম ও মধ্যবিত্ত মায়ের সন্তানদের শিক্ষিত করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিরন্তন প্রচেষ্টা চালিয়ে যাবে-সিটি মেয়র

চট্টগ্রাম- ০২ জুলাই ২০১৮খ্রি.

নগরীর নিম্ম ও মধ্যবিত্ত মায়ের সন্তানরা যাতে লেখাপড়া থেকে ছিটকে না পড়ে সেই ব্যাপারে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিরন্তন প্রচেষ্টা চালিয়ে যাবে। তিনি আজ সোমবার দুপুরে চসিক সম্মেলন কক্ষে পাথরঘাটা সিটি কর্পোরেশন মহাবিদ্যালয় ও কম্পিউটার ইনষ্টিটিউট এর পরিচালনা পর্ষদ সদস্যদের সাথে মতবিনিময়কালে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এ কথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো.সামসুদ্দোহার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন শিক্ষা ষ্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর নাজমুল হক ডিউক, মো. গিয়াস উদ্দিন, তারেক সোলায়মান সেলিম ও চসিক সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহাবিদ্যালয় এর অধ্যক্ষ মো. ফরহাদুর রহমান চৌধুরী, বিদ্যালয় পর্ষদের অভিভাবক প্রতিনিধি ফজলে আজিজ বাবুল, শিক্ষক প্রতিনিধি বেনু চৌধুরী, নাহিদ বাবু, মরিয়ম বেগম এবং কম্পিউটার ইনষ্টিটিউট এর পরিচালক আনিস

আহমেদ প্রমূখ বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ৬০ লক্ষ নগরবাসীর আবাসস্থল। নগরবাসী তাদের সামর্থ্য অনুযায়ী কর দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ডকে সচল রেখেছে। মেয়র নগরবাসীর কাছে কৃতজ্ঞতা জানিয়ে বলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীকে সর্বোত্তম সেবা পদান করা তার নৈতিক দায়িত্ব মনে করেন। এ লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন কোনো সন্তানকে শিক্ষার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হতে দেবো না। এই জন্য কর্পোরেশন পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ দেয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন। নগরীর শিক্ষার্থীদের কম্পিউটার শিক্ষার উপর গুরুত্বারোপ করে বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালত কম্পিউটার ইনষ্টিটিউটে বর্তমান একটি ডেক্সটপ বেইজড সফটওয়্যার চালু আছে। বিদ্যমান এ সফটওয়ারকে আধুিনকায়নের মাধ্যমে আরো অধিক সুবিধা সংযোজন করে নতুনভাবে ওয়েব বেইজড সফটওয়্যার তৈরীর পরামর্শ দেন মেয়র

সভায় প্রতিষ্ঠান সমূহের বিগত সভার কার্য বিবরণী, প্রতিষ্ঠান বাজেট,হিসাব নিরীক্ষা, প্রতিষ্ঠানে সহায়ক শিক্ষা চালু ও পাথরঘাটা সিটি কর্পোরেশন মহাবিদ্যালয় নামকরণ এবং এডভান্সড ডিপ্লোমা ইন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং কোর্সের কোর্স ফি পুনঃ নির্ধারন, কম্পিউটার ইনষ্টিটিউটের এক যুগ পূর্তি অনুষ্ঠানে ব্যায়ের সমন্বয় করন, নতুন বছর ক্যালেন্ডার ছাপানো সহ অন্যান্য ক্যাম্পাস বিষয়ক আলোচনা, ওয়েব বেইসড সফটওয়ার তৈরী, বিনা ফিতে শিক্ষার্থী ভর্তি ও প্রতিষ্ঠানের কর্মকান্ড গতিশীলতা আনায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের কার্যবিবরণী পেশ করেন এবং সংশ্লিষ্ঠ সদস্যরা তা অনুমোদন করেন।

সভা শেষে কুলগাঁও সিটি কর্পোরেশনের তথ্য ও প্রযুক্তি বিষয়ক প্রভাষক মো. শহীদুল ইসলাম(শোহাজাদা

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন